মেহেরপুরের আমঝুপি নূরাণী ও হাফিজীয়া মাদরাসায় অভিভাবক সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি নূরাণী ও হাফিজীয়া মাদরাসায় অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত। আজ শনিবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১০ টাই মাদরাসার মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মদরাসার প্রধান শিক্ষক ওমর ফারুকের সঞ্চালনায় অভিভাবক সমাবেশের সভাপতিত্ব করেন হাজী মোঃ শামসুল হুদা শিশির। প্রধান অতিথি হিসেবে ছিলেন জহুরুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে ছিলেন নুরুল ইসলাম মির, সাহাদুল ইসলাম কানায়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের ক্রিয়া শিক্ষক শরীফ উদ্দিন, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক আলহাজ্ব বশির আহম্মেদ এবং সাংবাদিক শহিদুল ইসলাম।

সমাবেশে বক্তব্য রাখেন মাদরাসার সহ-সভাপতি আসাদুজ্জামান লিটন, নুরুল ইসলাম এবং মাদরাসার সকল শিক্ষকবৃন্দ।

সমাবেশ শেষে মাদরাসা কতৃক ৫ জন হাফেজকে পুরস্কার দেওয়া হয়। ৫ জন হাফেজ হলেন, হাফেজ মোঃ আলভি, হাফেজ মোঃ লিমন, হাফেজ মোঃ সোলাইমান, হাফেজ মোঃ আব্দুর সামাদ ও হাফেজ মোঃ আবির।

পুরুষ্কার বিতরনী শেষে সমাবেশের সমাপ্তি ঘোষণা করা হয় সকল হাফেজ দের জন্য দোয়া করার মাধ্যমে।

ঝিনাইদহে ফল চুরির অপবাদে মাদরাসা ছাত্রকে নির্যাতন

ঝিনাইদহে ইফতারের ফল চুরি করে খাওয়ার অপবাদে এক মাদরাসাছাত্রের ওপর অমানবিক নির্যাতন করার অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। এ ঘটনায় সামজিক যোগাযোগ মাধ্যমে সমালোচনার ঝড় বইছে।

বুধবার (৫ মার্চ) সকালে সদর উপজেলার মথুরাপুর আদর্শ এতিমখানায় এ ঘটনা ঘটে। নির্যাতনের শিকার সাগর হোসেন ওই এতিমখানার আবাসিক শিক্ষার্থী। সে বাড়িবাথান দাখিল মাদরাসার দশম শ্রেণির ছাত্র।

ভুক্তভোগী সাগর হোসেন বলেন, সোমবার ইফতারের পর দুই মাল্টা স্যারদের না জানিয়ে আমি খেয়েছিলাম। এ নিয়ে কয়েকজন স্যার আমার ওপর ক্ষুব্ধ হয়। পরে আজ সকালে লাঠি ও ক্রিকেট খেলার স্টাম্প দিয়ে আমাকে বেধড়ক মারপিট করে। আমার স্বজনরা জানতে পেরে আমাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ অভিযোগের বিষয়ে জানতে মাদরাসার শিক্ষক ইমরান হাওলাদারের ব্যবহৃত মোবাইলে একাধিক বার কল করলেও তিনি রিসিভ করেন নি। এমনকি ওই এতিমখানায় গিয়েও তাকে পাওয়া যায়নি।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, ওই মাদরাসাছাত্রের ওপর নির্যাতনের কথা শুনেছি। এ ঘটনায় ভুক্তভোগীর পরিবার লিখিত অভিযোগ দিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গার তিতুদহে মাদরাসার একাডেমি ভবনের উদ্বোধন করলেন এমপি টগর

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের ৬২নং আড়িয়া দাখিল মাদরাসার একাডেমী ভবন আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টার দিকে অনুষ্ঠানে প্রধান অতিথি থেকে এ ভবন উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আ.লীগের সহ-সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

মাদরাসার সভাপতি আব্দুল রাজ্জেকের সভাপতিত্বে অনুষ্ঠিত ভবণ উদ্বোধনী অনুষ্ঠানে এমপি টগর বলেন, বর্তমান সরকার উন্নয়নের সরকার। এ সরকার ক্ষমতায় আসার পর থেকে শিক্ষা, রাস্তা-ঘাট সহ

সার্বিক ব্যবস্থা আজ উন্নতির দিকে।

কিন্তু বিএনপির নেতাকর্মীরা সরকারের ধারাবাহিক উন্নয়ন দেখে চক্ষুসুল হয়ে দেশে অরাজকতার ষড়যন্ত্র করার পায়তারা করছে। তারা যতই ষড়যন্ত্র করুক না কেন কোন লাভ হবেনা। দেশের মানুষ বুঝে গেছে দেশ ও জাতীর উন্নয়নে আ’লীগ সরকারের বিকল্প নেই।

বিশেষ অতিথি থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু, দর্শনা থানার অফিসার্স ইনচার্জ এ,এইস,এম লুৎফুল কবীর, গড়াইটুপি ইউপি চেয়ারম্যান শফিকুর রহমান, আ.লীগ নেতা মিজানুর রহমান টিপু, দামুড়হুদা উপজেলা যুবলীগ সভাপতি আব্দুল হান্নান ছোট। এসময় উপস্থিত ছিলেন, মাদরাসার সকল শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীসহ এলাকার জনসাধারণ।

পঞ্চম বারের মত জেলার শ্রেষ্ট নির্বাচিত হাড়াভাঙ্গা ডিএইচ সিনিয়র ফাজিল মাদরাসা

টানা পঞ্চম বারের মত জেলার শ্রেষ্ঠ মাদরাসা হিসাবে গৌরব ধরে রাখলো গাংনী উপজেলার হাড়াভাঙ্গা ডি.এইচ ফাজিল মাদরাসা। একই সাথে এবার মাদ্রাসা শিক্ষার্থীদের তালিকায়ে জেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচিত হয়েছে একই মাদসার ছাত্র তানভীরুজ জামান।

শিক্ষার সুষ্ঠ পরিবেশ, ভাল ফলাফলসহ ভৌত অবকাঠামোর বিবেচনায় এবং শিক্ষা ক্ষেত্রে এলাকায় অবদান রাখায় মাদরাসাটি পঞ্চমবারের মত শ্রেষ্ট হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২২ উপলক্ষে এ ঘোষণা দিয়েছে জেলা শিক্ষা অফিস।

বৃহস্পতিবার দুপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠানের প্রিন্সিপ্যাল আব্দুর রাজ্জাকের হাতে ক্রেষ্ট ও সম্মাণনা স্বারক তুলে দেন।